



দুই স্কুল ছাত্রের ঝগড়াকে কেন্দ্র করে সংঘর্ষে ১ জন নিহত, ১৫ জন আহত

সুনামগঞ্জ প্রতিনিধি : দুই স্কুল ছাত্রের ঝগড়াকে কেন্দ্র করে বড়োদের মধ্যে সংঘর্ষে একজন নিহত এবং ১৫ জন আহত হয়েছে। সোমবার রাতে সুনামগঞ্জ সদর উপজেলার জয়কলস ইউনিয়নের নুরপুর গ্রামে এ ঘটনা ঘটে। জানা যায়, সোমবার বিকালে ঝড়ের সময় জয়কলস ইউনিয়নের নুরপুর গ্রামের স্কুলছাত্র সিটন ও রবেল স্কুল থেকে ফেরার পথে ঝগড়ায় লিপ্ত হয়। এর জের ধরে পরে মোস্তফা মিয়া ও মদরিছ আলীর পক্ষের লোকজন সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে উভয়পক্ষের কমপক্ষে ১৫ জন আহত হয়। গুরুতর আহত সিটন মিয়া (২০), মহসিন আলী (৫০), মদরিছ আলী (৪৭), সোলেমান (৪৫), নজিমউদ্দিন (৩৫), এমদাদুল হক (১৮), মঞ্জুর আলী (৫৫), নুরুল গনী (৩৫), নজরুল (৩০), রাহু মিয়াকে (২৫) সুনামগঞ্জ সদর হাসপাতালে ভর্তি করা হয়। রাতে আশঙ্কাজনক অবস্থায় সোলেমান মিয়াকে সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হলে সেখানেই গভীর রাতে তার মৃত্যু ঘটে।